

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি(বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ # ৭/৭-এ, ব্লক # এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা- ১২৩০।

বিজ্ঞপ্তি নং- বিজিএ/এমআইএস/ডাটাবেজ/২০২০/১০২

২৫ জুন ২০২০

প্রিয় মহোদয়,

আপনাদের আন্তরিক সহযোগিতায় এ পর্যন্ত ৫০ লক্ষের অধিক শ্রমিক/কর্মচারী Bio-Metric Database'এ অন্তর্ভুক্ত হয়েছে। এ Database কার্যক্রমের মাধ্যমে প্রতিটি কর্মচারী ও শ্রমিকের জীবন বৃত্তান্ত, চাকুরীর তথ্য সংরক্ষণ, প্রকৃত গার্মেন্টস শ্রমিকদের সনাক্তকরণ সর্বোপরি শ্রমিক কর্মচারীদের জীবন-বীমা প্রদানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

বিশেষভাবে লক্ষ্য করা যাচ্ছে যে বিজিএমইএ'র কিছু সদস্য প্রতিষ্ঠান Biometric Worker Database সংক্রান্ত নির্ধারিত অর্থ পরিশোধ করার পর শ্রমিকদের তালিকা এন্ট্রি ও হালনাগাদ করছেন না, যার ফলে বিজিএমইএ শ্রমিক সংক্রান্ত বিভিন্ন কাজে জটিলতা সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায়, সম্মানিত সকল সদস্য প্রতিষ্ঠান যাদের শ্রমিকদের তালিকা এন্ট্রি/হালনাগাদ হয়নি তাদের আগামী ০৭ জুলাই ২০২০ এর মধ্যে এন্ট্রি/হালনাগাদ করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।


এখানে আরো উল্লেখ্য যে, যে সকল সম্মানিত সদস্য প্রতিষ্ঠান এখনো ২০২০ সালের (মেয়াদকাল-জানুয়ারী টু ডিসেম্বর) বায়োমেট্রিক ডেটাবেজের বাৎসরিক নবায়ন (renewal) ফি জমা প্রদান করেননি তাদের নিশ্চয় হুকে প্রদত্ত শ্রমিক সংখ্যা অনুযায়ী পরিশোধ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ-

গ্রুপ	শ্রমিক কর্মচারীর সংখ্যা	বাৎসরিক নবায়ন ফি
A	1-500	15,000
B	501-1000	16,000
C	1001-2500	25,000
D	2501-5000	30,000
E	5001-10000	40,000
F	10001-Above	45,000

উল্লেখ্য, গ্রুপ-বীমার সনদ (Certificate) এবং শ্রমিক/কর্মচারীর বীমা ক্লেইমের জন্য Bio-Metric Database'এ অন্তর্ভুক্তি এবং বাৎসরিক নবায়ন ফি প্রদান আবশ্যিক।

ডেটাবেজ সংক্রান্ত তথ্যের জন্য বিজিএমইএ'র সহকারী প্রোগ্রামার, জনাব মোঃ জহুরুল ইসলাম (০১৭১৬৬১৩৬২৩) ঢাকা এবং সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, জনাব নাজমুল হাসান (০১৯১১৭১০৬৫২), বিজিএমইএ আঞ্চলিক অফিস, চট্টগ্রাম এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

ধন্যবাদান্তে,



কমডোর মোহাম্মদ আবদুর রাজ্জাক (অবঃ)

এনইউপি, এনডিসি, পিএসসি,এমফিল

সচিব